



## মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়

ইংরেজি বিভাগ

এম এ ইন ইংলিশ প্রোগ্রাম ( শিক্ষাবর্ষ ২০২২-২০২৩.)

### ভর্তি সংক্রান্ত তথ্যাবলী

১। প্রোগ্রামের নাম ও মেয়াদ : ক) এম এ ইন ইংলিশ লিটারেচার ০২ (দুই) সেমিস্টার, ০১ (এক) বছর।

খ) এম এ ইন ইংলিশ ল্যাংগুয়েজ টিচিং (ই এল টি) ০২ (দুই) সেমিস্টার, ০১ (এক) বছর।

২। আসন সংখ্যা : এম এ ইন ইংলিশ লিটারেচার এর জন্য সাধারণ আসন সংখ্যা ৩০ (ত্রিশ) টি এবং এম এ ইন ইংলিশ ল্যাংগুয়েজ টিচিং (ই এল টি) এর জন্য সাধারণ আসন সংখ্যা ৩০ (ত্রিশ) টি। এছাড়া মুক্তিযোদ্ধা কোটা, পোষ্য কোটা ও উপজাতি কোটায় প্রতি প্রোগ্রামে ০২ (দুই) টি করে মোট ০৬ (ছয়টি) আসন সংরক্ষিত থাকবে।

৩। আবেদনকারীর শিক্ষাগত যোগ্যতা: ইউজিসি কর্তৃক স্বীকৃত/ অনুমোদিত যেকোন বিশ্ববিদ্যালয় থেকে ইংরেজি বিষয়ে ০৪ বছর মেয়াদি স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থী যাহারা ২০২০, ২০২১ এবং ২০২২ সাল পর্যন্ত বছর সমূহে পরীক্ষায় সিজিপিএ ন্যূনতম ২.২৫ সহ পাশ করেছে কেবলমাত্র তাহারাই আবেদন করতে পারবেন। স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ প্রার্থীদেরকে অবশ্যই ভর্তির সময়ে স্নাতক (সম্মান) পরীক্ষায় উত্তীর্ণ হওয়ার প্রমাণপত্র হিসেবে স্নাতক (সম্মান) এর মূল একাডেমিক ট্রান্সক্রিপ্ট/ মার্কশীট/প্রত্যয়নপত্র ইংরেজি বিভাগে জমা দিতে হবে।

৪। চাকুরীরত প্রার্থীদের অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে আবেদন করতে হবে।

৫। প্রার্থীগণ অ্যাপিয়ার্ড সার্টিফিকেট দিয়ে আবেদন করতে পারবে সেক্ষেত্রে ভর্তি হওয়ার সময় অবশ্যই তাকে পাশ করার সার্টিফিকেট ও মার্কশীট প্রদর্শন করতে হবে।

৬। প্রত্যেক আবেদনকারী ইচ্ছা করলে উভয় প্রোগ্রামে আবেদন করতে পারবে তবে প্রার্থীকে উভয় প্রোগ্রামে আলাদাভাবে আবেদন করতে হবে।

৭। আবেদন পত্রের সাথে নিম্নলিখিত কাগজপত্র সংযুক্ত করতে হবে:

- ক) শিক্ষাগত যোগ্যতার সমর্থনে সকল পরীক্ষার মার্কশীট এবং সার্টিফিকেটের সত্যায়িত ফটোকপি।
- খ) নাগরিকত্ব সনদ পত্র / জাতীয় পরিচয় পত্রের সত্যায়িত ফটোকপি।
- গ) সদ্য তোলা ০২ (দুই) কপি পাসপোর্ট সাইজের সত্যায়িত ছবি।
- ঘ) সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠানের প্রশংসা পত্রের সত্যায়িত ফটোকপি।

৮। চাকুরীরত প্রার্থীদেরকে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের নিকট থেকে অধ্যয়নকালের জন্য পূর্ণ ছুটির নিশ্চয়তার সার্টিফিকেট ভর্তির সময় জমা দিতে হবে। তবে বিশেষ ক্ষেত্রে উক্ত সার্টিফিকেট ক্লাস শুরুর তারিখ হতে পরবর্তী ০১ (এক) মাসের মধ্যে ইংরেজি বিভাগে জমা প্রদান করতে হবে। অন্যথায় প্রার্থীর ভর্তি বাতিল বলে গণ্য হবে।

৯। আবেদনপত্র ও ভর্তিসংক্রান্ত তথ্যাবলী মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের ওয়েবসাইট [www.mbstu.ac.bd](http://www.mbstu.ac.bd) থেকে ডাউনলোড করা যাবে। ডাউনলোডকৃত আবেদন ফরমটি যথাযথভাবে পূরণ করে আবেদনপত্রের সাথে ১,০০০/= (এক হাজার) টাকার পে-অর্ডার/ব্যাংক ড্রাফট (সভাপতি, ইংরেজি বিভাগ, সোনালী ব্যাংক লিঃ, মাভাবিপ্রবি শাখা বরাবর) ও প্রয়োজনীয় কাগজপত্রাদীসহ প্রার্থীদেরকে ইংরেজি বিভাগে স্বশরীরে অথবা ডাকযোগে (সভাপতি, একাডেমিক কমিটি (মাস্টার্স প্রোগ্রাম) শিক্ষাবর্ষ ২০২২-২০২৩, ইংরেজি বিভাগ, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়, সন্তোষ, টাঙ্গাইল-১৯০২) জমা দিতে হবে।

১০। লিখিত ভর্তি পরীক্ষার মানবন্টন:

- ক) এম এ ইন ইংলিশ লিটারেচার পরীক্ষার জন্য ইংরেজি গ্রামার (২০), ইংরেজি সাহিত্য (৩০) সর্বমোট ৫০ নম্বরের ১ ঘন্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।
- খ) এম এ ইন ইংলিশ ল্যাংগুয়েজ টিচিং (ই এল টি) পরীক্ষার জন্য ইংরেজি গ্রামার (২০) এবং ইংরেজি ভাষা (৩০) সর্বমোট ৫০ নম্বরের ১ ঘন্টার লিখিত পরীক্ষা অনুষ্ঠিত হবে।

১১। ভর্তি পরীক্ষার তারিখ, সময় ও স্থান :

১. এম এ ইন ইংলিশ লিটারেচার পরীক্ষা ১২ জানুয়ারী ২০২৪, সময় : সকাল ১১:০০ থেকে দুপুর ১২:০০ টা পর্যন্ত, স্থান : ইংরেজি বিভাগ, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।
২. এম এ ইন ইংলিশ ল্যাংগুয়েজ টিচিং (ই এল টি) পরীক্ষা ১২ জানুয়ারী ২০২৪, সময় : দুপুর ২:৩০ থেকে বিকাল ৩:৩০ টা পর্যন্ত, স্থান : ইংরেজি বিভাগ, মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

১২। ভর্তি বিষয়ক যে কোন নিয়ম কানুন পরিবর্তন, পরিবর্তন ও সংযোজনের ক্ষমতা মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ সংরক্ষণ করেন।

১৩। কোটা তালিকায় নির্ধারিত প্রার্থীদের ভর্তি মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ কর্তৃক সদনদপত্রের সত্যায়ন প্রাপ্তি সাপেক্ষে চূড়ান্ত করা হবে।

১৪। ইউজিসি কর্তৃক যে সকল বিশ্ববিদ্যালয়ের সনদপত্র অবৈধ বলে ঘোষিত হয়েছে সে সকল প্রতিষ্ঠানের সনদধারীদের ভর্তির আবেদন গৃহীত হবে না।

২১. ২০২৩  
প্রফেসর ড. আনিসুর রহমান আনিছ  
চেয়ারম্যান  
প্রোগ্রাম ও  
ইংরেজি বিভাগ  
সভাপতি  
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।

একাডেমিক কমিটি (মাস্টার্স প্রোগ্রাম), ইংরেজি বিভাগ, শিক্ষাবর্ষ ২০২২-২০২৩  
মাওলানা ভাসানী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়  
সন্তোষ, টাঙ্গাইল-১৯০২।